

নোয়াখালী জেলার সমবায় কার্যালয়ের ভ্রাম্যমান প্রশিক্ষণ ইউনিট এবং উপজেলা সমবায় অফিস, সুবর্ণচর, নোয়াখালী কর্তৃক আয়োজিত ভ্রাম্যমান প্রশিক্ষণ প্রদান সংক্রান্ত প্রতিবেদন।

স্থান - নিজেরা করি, আঞ্চলিক কার্যালয়, চর জব্বর অঞ্চল, উপজেলা-সুবর্ণচর, জেলা-নোয়াখালী।

তারিখ- ০৮/০৬/২০২১ খ্রি.।

নোয়াখালী জেলার সমবায় কার্যালয়ের ভ্রাম্যমান প্রশিক্ষণ ইউনিট এবং উপজেলা সমবায় অফিস, সুবর্ণচর, নোয়াখালী কর্তৃক বিগত ০৮/০৬/২০২১ খ্রি. তারিখে দিনব্যাপী ভ্রাম্যমান প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। জেলা সমবায় অফিসার, নোয়াখালী মহোদয় কর্তৃক যথাসময়ে উক্ত প্রশিক্ষণ কার্যক্রম উদ্বোধন করা হয়।

উপজেলা সমবায় অফিসার, সুবর্ণচর, নোয়াখালী কর্তৃক উক্ত প্রশিক্ষণের প্রয়োজনীয়তা এবং প্রশিক্ষণ গ্রহণের মাধ্যমে বিভিন্ন বিষয়ে সমবায়ীদের দক্ষতা অর্জন সংক্রান্ত দিক নির্দেশনা মূলক স্বাগত বক্তব্য প্রদান করেন।

পরবর্তীতে প্রশিক্ষণ সূচী অনুসরণ করে নিম্নবর্ণিতভাবে অধিতি বক্তাগণ দিনব্যাপী প্রশিক্ষণ প্রদান করেন।

ক্র নং	অধিতি বক্তার নাম	পদবী	প্রশিক্ষণের বিষয়বস্তু
১	জনাব মোঃ ফরহাদ হোসেন	উপজেলা ভাইস চেয়ারম্যান সুবর্ণচর, নোয়াখালী	নারী শিক্ষার গুরুত্ব ও নারীর ক্ষমতায়ন বিষয়ক আলোচনা।
২	জনাবা মোঃ বেদন হোসেন খান	জেলা সমবায় অফিসার নোয়াখালী।	সমবায় সমিতি নির্বাচন অনুষ্ঠান এবং সাধারণ সদস্য অধিকার ও কর্তব্য। বিবাদ নিষ্পত্তি ও মানি লন্ডারিং আইন সম্পর্কে ধারণা প্রদান।
৩	জনাব ডাঃ আইনুল হক	উপজেলা প্রাণী সম্পদ অফিস সুবর্ণচর, নোয়াখালী।	হাঁস-মুরগী, গরু-ছাগল ও গৃহপালিত অন্যান্য পশু লালন-পালনের মাধ্যমে সমবায় সমিতির সদস্যদের আয় বৃদ্ধিকরণ। প্রাণী সম্পদ বিষয়ক আলোচনা। খামার তৈরির কর্মকৌশল বর্ণনা।

সর্বশেষে উপজেলা সমবায় কর্মকর্তার আহবানে প্রশিক্ষণার্থীদের মধ্য হতে পশ্চিম চর জব্বর সার্বিক গ্রাম উন্নয়ন সমবায় সমিতি লিঃ এর সদস্য জনাব মোঃ নাছির উদ্দিন প্রশিক্ষণের সার্বিক মূল্যায়ন করে অভিমত ব্যক্ত করেন। বিশেষ করে উপজেলা ভাইস চেয়ারম্যান এবং প্রাণীসম্পদ কর্মকর্তা কর্তৃক যে সকল বিষয়ে আলোকপাত করেন সে সকল বিষয়ে সকল সদস্যের বাস্তবমুখি উপকারে আসবে বলে তিনি তার বক্তব্যে তুলে ধরেন।

উক্ত প্রশিক্ষণের কিছু স্থিরচিত্র এতদসঙ্গে সংযুক্ত করা হল।



Handwritten signature and date: 08/06/2021